# NATHANIYAL MURMU MEMORIAL COLLEGE

## DEPARTMENT OF BENGALI

### PROGRAMME OUTCOMES

**B.A. BENGALI HONOURS**

**(Under CBCS)**

Bengali is one of the most prominent modern Indian language. This language has been carrying the glory of thousands of years in art, literature and culture. Bengali is the mother tongue of most of the people in Northeast India. Besides, this language is the National language of our neighbour Bangladesh. World class literature has been written in Bengali language in the modern era and accepted by the whole world, as Rabindranath Tagore. Therefore, the curriculum and syllabus of Bengali Honors and General have been designed keeping in mind the tradition of Bengali language and literature, its expansion and development.

- The curriculum emphasizes on the origin and evolution of Bengali vocabulary, dialects and grammatical aspects so as to gain an understanding of the thousand years of Bengali language and to use correct words and write proper sentences to express the feeling.

- Students will study/learn the history of Bengali literature for thousand of years and learn about the origin of Bengali literature, the periodization of the history of literature, the contemporary socio-economic and cultural identity reflected in the literature written in different periods, which will give a clear idea about Bengali Literature. They will gain a clear and deep understanding of rhythms and rhetoric that will enable them to read and better understand poetry.

- The birth of the prose language in the modern era and the creation of world-class literature in various forms such as stories, novels, dramas, essays, poems, etc. have enriched Bengali literature. This syllabus will acquaint the students with the origin and evolution of Bengali prose language and prepare the foundation of modern literary sense developed in various genres which will make the students creative rational science minded progressive and culture conscious a real modern citizen.

- This syllabus includes Discipline Specific Elective Course (DSC) and Skill enhancement Course (SEC). The DSE Course have been designed to introduce the students to the various dimensions of Bengali language and literature, such as modern essays and criticism, the History and Culture of India, The nature of Eastern and Western criticism, Modernism, The character of modern literature, The unity of India, The Problems of National language of India, Rabindra-literature and his philosophy etc. The Skill Enhancement Course (SEC) has been designed to introduce applied and research knowledge such as preparation and presentation of seminar papers relating to literature, preparation of projects on literature and culture of Gour Banga which leads students into their higher study and future life.

# PROGRAMME OUTCOMES
## B.A. BENGALI GENERAL
## (Under CBCS)

Bengali is one of the most prominent modern Indian languages. This language has been carrying the glory of thousands of years in art, literature and culture. Bengali is the mother tongue of most of the people in Northeast India. Besides, this language is the National language of our neighbor Bangladesh. World class literature has been written in Bengali language in the modern era and accepted by the whole world, as Rabindranath Tagore. Therefore, the curriculum and syllabus of Bengali Honors and General have been designed keeping in mind the tradition of Bengali language and literature, its expansion and development.

- Students will gain clear knowledge about the origin and development of Bengali language, the characteristics and forms of different dialects of Bengali and will learn about the history of Bengali literature in the ancient period, medieval and modern periods, which will develop Strong's concept of linguistics and literature. They will gain a clear and deep understanding of rhythms and rhetoric that will enable them to read and better understand poetry.

- Students will gain knowledge about the socio-economic identity, the crises of life and the way out of the crises reflected in Bengali literature at different times and branches of literature such as Fiction, Essay, Drama, Poetry etc. and will be able to guide the way to solve the real-life problems by applying it.

- Creativity will develop in the students through recitation and story writing practice and they will be able to express themselves as artists.

- Develop a research knowledge in the field of literature and culture and develop the conception of aesthetic sense in the various fields.

# PROGRAMME OUTCOMES

### OF LC-2
### MODERN INDIAL LANGUAGE
### (Under CBCS)

- Students of UG General have the opportunity to choose two courses of Modern Indian Language of six credits each, one in the first semester (50 Marks) and one in the active second semester (50 Marks).

- Students who choose Bengali as Modern Indian Language will have to read one paper in first semester and one paper in second semester on Bengali Language.

- Students will read selected stories and novels in the first semester and essays and plays in the second semester through which they will acquire basic understanding and knowledge of language and literature and thereby develop a sense of literature which will help them in future such as research, creative writing, story writing for film etc.

# PROGRAMME OUTCOMES

### OF AEC-2 (BENGALI)
### (Under CBCS)

UG students of all streams (Arts, Science and Commerce) will take one Ability Enhancement Compulsory (AEC) course of two credits. So, the syllabus has been designed with selected interesting modern Bengali poetry, short stories and essays in such a way that students can read literature with great pleasure as a member of the literary family which will make their mine attracted towards studies.

# NATHANIYAL MURMU MEMORIAL COLLEGE

# COURSE OUTCOMES

## B.A. BENGALI HONOURS

## SEMESTER-I

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **101-BNGH-DC-1** | ১) বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) | ক) বাংলা সাহিত্যের ইতিহাসের যুগবিভাজন ও তার যৌক্তিকতা, বাংলা সাহিত্যের জন্মলগ্নের পরিচিতি এবং প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যে প্রতিফলিত তৎকালীন বাংলার অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক চালচিত্র সম্পর্কে শিক্ষার্থীরা সম্যক জ্ঞান লাভ করবে। সেই সঙ্গে সমকালীন বাংলার ইতিহাস সম্পর্কেও কিছুটা ধারণা লাভ করবে।<br><br>খ) এছাড়া বাংলা সাহিত্য প্রায় প্রথম থেকেই যে রোমান্টিক প্রেমকাব্যের দ্বারা সমৃদ্ধ হয়ে উঠেছিল সেই কাব্যধারা সম্পর্কেও অবগত হবে। এই প্রণয়কাব্যের পরিচিতি একটা আলাদা আবেগেরও জন্ম দেবে মনে। |
| **102-BNGH-DC-2** | ২) ভাষাতত্ত্ব | ক) বাংলা ভাষার উৎপত্তির ইতিহাস, তার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য, বাংলা ভাষার বিভিন্ন উপভাষা ও অঞ্চলভেদে বিভিন্ন উপভাষার স্বরূপ, বাংলা শব্দের বুৎপত্তি এবং বাংলা শব্দভাণ্ডার সম্পর্কে জ্ঞানলাভ করবে। |

## B.A. BENGALI HONOURS

## SEMESTER-II

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **201-BNGH-DC-3** | ৩) বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) :<br><br>অ) বাংলা গদ্যের ধারা ও সাময়িক পত্রপত্রিকা, মহাকাব্য, গীতিকাব্য ও প্রবন্ধ রচনার ধারা।<br><br>আ) নাটক, উপন্যাস ও ছোটোগল্প রচনার ধারা। | ক) আধুনিক যুগের বাংলা সাহিত্যের অভ্যন্তরে প্রবেশের পূর্বে শিক্ষার্থীরা প্রথমদিকের বিভিন্ন স্রষ্টাদের সৃষ্টিকর্ম সম্পর্কে জানতে পারবে। সেইসঙ্গে সাহিত্যে আধুনিকতা সম্পর্কিত প্রাথমিক ধারণা লাভ করবে। বাংলা গদ্যসাহিত্যের সূচনা ও প্রথম পর্বের বাংলা গদ্যের স্বরূপ সম্পর্কে জানতে পারবে। আধুনিক মহাকাব্য, গীতিকাব্য ও প্রবন্ধ সম্পর্কে অবগত হবে।<br><br>চ) প্রথম পর্বে রচিত বাংলা নাটক, উপন্যাস ও ছোটোগল্প সম্পর্কে প্রাথমিক পরিচিতি লাভ করবে। |
| **202-BNGH-DC-4** | ৪) ছন্দ ও অলংকার | ক) উচ্চমানের সাহিত্যসৃষ্টির ক্ষেত্রে ভালোরকম ছন্দ ও অলংকার-জ্ঞানের ভূমিকা থাকে। সাহিত্যরস আস্বাদনেও ছন্দ ও অলংকারের ভূমিকা গুরুত্বপূর্ণ। তাই ছন্দ ও অলংকারের ধারণা, তার চর্চা এবং বিভিন্নক্ষেত্রে তার প্রয়োগবৈচিত্র্য ছাত্রছাত্রীদের সৃজনকর্মকে উচ্চতর গুণসম্পন্ন ও বিজ্ঞানসম্মত করে তুলতে সহায়তা করবে। একইসঙ্গে তাদের করে তুলবে পরিণত ও রসজ্ঞ পাঠক। |

# B.A. BENGALI HONOURS
# SEMESTER-III

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **301-BNGH-DC-5** | **৫) প্রাগাধুনিক সাহিত্য (প্রথম পর্যায়) :**<br><br>অ) বৈষ্ণব পদাবলী | ক) বাংলা বৈষ্ণব পদাবলীতে একাধারে বৈষ্ণবতত্ত্ব ও জীবনরসের সমন্বয় ঘটেছে। তত্ত্বের পাশাপাশি এতে সমান্তরালে প্রবাহিত হয়েছে প্রেমভাবনা যা পদাবলীকে গীতিকবিতার মহিমা দান করেছে। তাই শিক্ষার্থীরা এই অংশটির মধ্যদিয়ে একদিকে বৈষ্ণব দর্শণ ও আধ্যাত্মিকতা সম্পর্কে (বৈচিত্র্যময় ভারতীয় দর্শণের একটি শাখা/উপশাখা) যেমন আবগত হবে, তেমনি বৈষ্ণবীয় প্রেমভাবনার মধ্যদিয়ে মানবজীবনে প্রেমের বিভিন্ন পর্যায়গুলি সম্পর্কে স্বচ্ছ ধারণা লাভ করবে। সেই সঙ্গে বাংলা সাহিত্যে মধ্যযুগেই যে গীতিকবিতার জন্ম হয়েছিল সেই জ্ঞান বাংলা সাহিত্য সম্পর্কে একটা গৌরববোধের জন্ম দেবে যা তাদেরকে এই সাহিত্যপাঠে উৎসাহী করে তুলবে। |
| | আ) পদ্মাপুরাণ- বিজয়গুপ্ত | খ) মধ্যযুগের বাংলা সাহিত্যের সবচেয়ে শক্তিশালী ও বৈচিত্র্যময় ধারা হল মঙ্গলকাব্যের ধারা এবং তারমধ্যে মনসামঙ্গল সর্বাধিক প্রাচীন। সেই সঙ্গে কঠোর জীবনসংগ্রাম (মনসার), আদর্শবাদের দৃঢ়তা (চাঁদসদাগরের), আবহমান ভারতীয় সংস্কৃতি (সনকা ও বেহুলার মধ্যে), মধ্যযুগের বাংলার অর্থনীতি, সমাজ, সংস্কৃতি ইত্যাদির সমন্বয়ে বাংলা মনসামঙ্গল কাব্য এক অন্য মাত্রা পেয়েছে। ''পদ্মাপুরাণ'' পাঠের মধ্যদিয়ে শিক্ষার্থীরা মধ্যযুগের বাংলার আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক পরিচয় যেমন লাভ করবে; তেমনি কঠোর জীবনসংগ্রাম ও দৃঢ় আদর্শবাদে অনুপ্রাণিত হবে এবং হয়ে উঠবে সংস্কৃতিসচেতন। |
| **302-BNGH-DC-6** | **৬) সংস্কৃত কাব্যতত্ত্ব, সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস**<br><br>অ) কাব্যজিজ্ঞাসা- অতুলচন্দ্র গুপ্ত | ক) সংস্কৃত সাহিত্যে বহু প্রাচীন কাল থেকেই (আচার্য ভরত- খ্রিস্ট পূর্ব দ্বিতীয় শতাব্দীর কাছাকাছি সময়) নাটক ও কাব্যশাস্ত্র নিয়ে আলোচনা হয়েছে এবং কয়েকশো বছর ধরে কাব্যতত্ত্ব নিয়ে চুলচেরা বিশ্লেষণ অব্যাহত থেকেছে। সংস্কৃত সাহিত্যে বহু শতাব্দী ধরে প্রবাহিত কাব্যসম্পর্কিত নানা জিজ্ঞাসা ও বিশ্লেষণ কাব্য সম্পর্কে যে একটা স্বচ্ছ ধারণা গড়ে তুলেছে, ''কাব্যজিজ্ঞাসা'' গ্রন্থটি বাংলায় তারই সরস সংক্ষিপ্তসার। এই গ্রন্থ পাঠের দ্বারা শিক্ষার্থীরা তাই ভারতীয় সাহিত্যে কাব্যের উৎপত্তি ও ভারতীয় কাব্যতত্ত্বের স্বতন্ত্রতা সম্পর্কে জ্ঞানলাভ করবে এবং তাদের মধ্যে কাব্য সম্পর্কে স্বচ্ছ ধারণা গড়ে উঠবে যা কাব্যরস আস্বাদন ও কাব্য সৃষ্টিতে সহায়তা করবে। |
| | আ) সংস্কৃত সাহিত্যের ইতিহাস | খ) বাংলা ভাষার আদিজননী হল সংস্কৃত ভাষা। বাংলা সাহিত্যের সঙ্গেও তার সম্পর্ক অবিচ্ছেদ্য। তাই সংস্কৃত সাহিত্যের ইতিহাস পাঠের মধ্যদিয়ে শিক্ষার্থীরা সংস্কৃত সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় লাভ করবে এবং সংস্কৃত সাহিত্যপাঠে উৎসাহী হয়ে উঠবে। বাংলা সাহিত্যে সংস্কৃত সাহিত্যের প্রভাব সম্পর্কেও অবহিত হবে। |
| | ই) ইংরেজি সাহিত্যের ইতিহাস | গ) আধুনিক বাংলা সাহিত্যের সঙ্গে ইংরেজি ভাষা ও সাহিত্যের সম্পর্ক অত্যন্ত নিবিড়। সাহিত্যের নানা রূপরীতি ও চিন্তাভাবনার জন্ম ইংরেজি সাহিত্যের মাধ্যমে হয়েছে এবং সেগুলি অনুসরণ করে বাংলায় সাহিত্য রচিত হয়েছে। ইংরেজি সাহিত্যের ইতিহাস পাঠের দ্বারা শিক্ষার্থীরা শেকসপিয়র, ওয়ার্ডসওয়ার্থ, কীটস, ডিকেন্স, এলিয়টের মতো সাহিত্যিকদের সাহিত্যকর্ম, তাঁদের নতুন নতুন চিন্তাভাবনা এবং ইংরেজি সাহিত্যের নানা রূপরীতি সম্পর্কে আবগত হবে এবং তাঁদের সাহিত্যপাঠে হয়ে উঠবে কৌতুহলী যা তাদেরকে মৌলিক চিন্তায় অগ্রসর হতে সহায়ত করবে। বাংলা সাহিত্যে ইংরেজি সাহিত্যের প্রভাব সম্পর্কেও অবগত হবে। |
| **303-BNGH-DC-7** | **৭) প্রাগাধুনিক বাংলা সাহিত্য (দ্বিতীয় পর্যায়)**<br>অ) শিবায়ন- রামেশ্বর চক্রবর্তী (নির্বাচিত) | ক) বাংলায় শিবকে কেন্দ্রকরে রচিত কাব্য সম্পর্কে শিক্ষার্থীরা প্রাথমিক ধারণা লাভ করবে। সেই সঙ্গে মধ্যযুগে বাংলায় কৃষক সমাজের সঙ্গে শিবের সম্পর্কের গুরুত্ব অনুধাবন করতে পারবে যা পরবর্তীকালে দেবতাকেন্দ্রিক সাহিত্যগবেষণায় তাদেরকে অনুপ্রাণিত করবে। |

| | | |
|---|---|---|
| | আ) মৈমনসিংহ গীতিকা - শ্রী দীনেশচন্দ্র সেন সম্পাদিত (নির্বাচিত) | খ) শিক্ষার্থীরা গীতিকা সাহিত্য সম্পর্কে অবগত হবে এবং বাংলার লোকসমাজে যে বিপুলপরিমান উচ্চস্তরের লোকসাহিত্য ছড়িয়ে ছিটিয়ে রয়েছে সেগুলি সংগ্রহ তথা গবেষণায় উৎসাহিত হবে। সেই সঙ্গে সমকালীন বাংলার সমাজজীবনের নানা বিষয় সম্পর্কেও তারা জানতে পারবে। |

# B.A. BENGALI HONOURS

# SEMESTER-IV

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **401-BNGH-DC-8** | **৮) রবীন্দ্রকাব্য, ছোটোগল্পের সংরূপ ও ছোটোগল্প :**<br>অ) রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা- (নির্বাচিত)।<br>আ) ছোটোগল্পের রূপ ও রীতি।<br>ই) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের ছোটোগল্প- (নির্বাচিত) | ক) রবীন্দ্রনাথ ঠাকুরের নির্বাচিত কয়েকটি কবিতা পাঠের মধ্য দিয়ে কবিগুরুর কাব্য সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে প্রাথমিক ধারণা গড়ে উঠবে এবং তাঁর বৈচিত্র্যময় কাব্যজগতে প্রবেশের প্রাথমিক পথ প্রস্তুত হবে।<br><br>খ) ছোটোগল্পের অন্তর্লোকে প্রবেশের পূর্বে ছোটোগল্পের বিভিন্ন রূপ ও রীতিপ্রকরণ সম্পর্কে ছাত্রছাত্রীরা অবগত হবে যাতে যেকোনো গল্প পাঠের পর গল্পটির রূপরীতি তারা অনুধাবন করতে পারে। রূপরীতি সম্পর্কে স্বচ্ছ ধারণা গড়ে ওঠার মধ্যদিয়ে ছোটোগল্প রচনার পথও প্রস্তুত হতে পারবে।<br><br>গ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্প পাঠের মধ্যদিয়ে ছোটোগল্পের রূপরীতির নিরিখে গল্পগুলিকে যেমন বিচারবিশ্লেষণ করবে, তেমনি প্রভাতকুমারের ছোটোগল্পের বৈশিষ্ট্য ও প্রবণতা এবং বাংলা ছোটোগল্পে তাঁর অবদান সম্পর্কে অবগত হবে যা আসলে বিভিন্ন গল্পকারদের স্বাতন্ত্র্য চিহ্নিতকরণের প্রস্তুতি। |
| **402-BNGH-DC-9** | **৯) নাটক ও নাট্যমঞ্চ :**<br>অ) ডাকঘর- রবীন্দ্রনাথ ঠাকুর।<br>আ) নাট্যমঞ্চের ইতিহাস | ক) ‘‘ডাকঘর’’ নাটকটি পাঠের মধ্যেদিয়ে রবীন্দ্রনাথের অতুলনীয় সৃষ্টি রূপক-সাংকেতিক নাটকগুলি সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে একটা ধারণা গড়ে উঠবে। কবিগুরুর নাট্যাদর্শ সম্পর্কেও তারা অবগত হবে যা পরবর্তীকালে অন্যান্য রূপক-সাংকেতিক নাটকগুলির গভীর তত্ত্ব অনুধাবনের পথ প্রস্তুত করবে।<br><br>খ) বাংলায় নাট্যমঞ্চ ও নাট্যাভিনয়ের সূচনা এবং বিভিন্ন অভিনেতা-অভিনেত্রী, প্রযোজক-পরিচালক-নাট্যকারদের আবির্ভাব ও অধ্যাবসায়ের মধ্যদিয়ে গড়ে উঠেছে বাংলা রঙ্গমঞ্চের যে ইতিহাস, সে সম্পর্কে অবগত হবে। |
| **403-BNGH-DC-10** | **১০) উপন্যাসের সংরূপ ও উপন্যাস :**<br><br>অ) উপন্যাসের সংরূপ<br><br>আ) বিষবৃক্ষ- বঙ্কিমচন্দ্র চট্টো পাধ্যায়। | ক) উপন্যাসের সংজ্ঞা, তার বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ এবং বিভিন্ন শ্রেণির উপন্যাসের লক্ষণ ও বাংলা সাহিত্যে সেগুলির দৃষ্টান্ত সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে ধারণা জন্মাবে যা আসলে উপন্যাসের ব্যাখ্যা-বিশ্লেষণ ও গবেষণার প্রবেশক।<br><br>খ) উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ সম্পর্কে ধারণালাভের পর বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘‘বিষবৃক্ষ’’ উপন্যাসটি পাঠের মধ্য দিয়ে উপন্যাস তথা সামাজিক উপন্যাসের শ্রেণিচরিত্র সম্পর্কে শিক্ষার্থীরা আরও ভালোভাবে অবগত হতে পারবে। সেইসঙ্গে প্রথম পর্বের বাংলা উপন্যাসের প্রবণতা, বঙ্গিমচন্দ্রের শিল্পীমানসের পরিচয়, উনিশ শতকের বাংলার একটা আর্থসামাজিক ও সাংস্কৃতিক পরিচয়ও লাভ করবে। |

# B.A. BENGALI HONOURS
# SEMESTER-V

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **501-BNGH-DC-11** | **১১) প্রবন্ধের সংরূপ ও প্রবন্ধ সাহিত্য**<br><br>অ) প্রবন্ধের সংরূপ<br><br>আ) প্রাচীন সাহিত্য- রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত) | ক) প্রবন্ধের সংজ্ঞা, তার বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ এবং বিভিন্ন শ্রেণির প্রবন্ধের লক্ষণ ও বাংলা সাহিত্যে সেগুলির দৃষ্টান্ত সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে ধারণা জন্মাবে যা আসলে প্রবন্ধের ব্যাখ্যা-বিশ্লেষণ, গবেষণা ও প্রবন্ধরচনার প্রবেশক।<br><br>খ) প্রবন্ধের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ সম্পর্কে ধারণালাভের পর রবীন্দ্রনাথ ঠাকুরের ‘‘প্রাচীন সাহিত্য’’ গ্রন্থের নির্বাচিত প্রবন্ধগুলি পাঠের মধ্যদিয়ে প্রবন্ধের শ্রেণিচরিত্র সম্পর্কে শিক্ষার্থীরা আরও ভালোভাবে অবগত হতে পারবে। সেইসঙ্গে ভারতবর্ষের প্রাচীন সাহিত্যের ব্যাখ্যাবিশ্লেষণে রবীন্দ্রনাথের স্বতন্ত্র দৃষ্টিভঙ্গী সম্পর্কে শিক্ষাথীরা অবগত হবে যা তাদেরকে নতুন নতুন চিন্তার ক্ষেত্রে অনুপ্রাণিত করবে। একইসঙ্গে প্রাচীন ভারতবর্ষের গৌরবময় সাংস্কৃতিক আদর্শ শিক্ষার্থীদের ভাবাদর্শ গঠনে সম্পুরক হবে। |
| **502-BNGH-DC-12** | **১২) কবিতার সংরূপ, রবীন্দ্রানুসারী ও রবীন্দ্রপরবর্তী কবিতা**<br>অ) কবিতার রূপ ও রীতি<br><br>আ) রবীন্দ্রানুসারী কবিতা<br><br>ই) রবীন্দ্রপরবর্তী কবিতা | ক) কাব্য-কবিতার সংজ্ঞা, তার বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ এবং বিভিন্ন শ্রেণির কবিতার লক্ষণ ও বাংলা সাহিত্যে সেগুলির দৃষ্টান্ত সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে ধারণা জন্মাবে যা আসলে কবিতার ব্যাখ্যা-বিশ্লেষণ, গবেষণা ও কবিতারচনার প্রাথমিক পর্যায়।<br><br>খ) নির্বাচিত কিছু কবিতা পাঠের মধ্যদিয়ে বাংলা কাব্যক্ষেত্র রবীন্দ্রানুসারী কবিদের পরিচয়লাভ এবং ত্রুটিবিচ্যুতি সত্ত্বেও কবিদের স্বাতন্ত্র্য ও গুরুত্ব সম্পর্কে অবগত হবে। সেইসঙ্গে যুগগত প্রেমভাবনা, স্বদেশপ্রেম সম্পর্কে ধারণা লাভ করবে।<br><br>গ) নির্বাচিত কবিতা পাঠের মধ্য দিয়ে আধুনিক কবিতার অঙ্গনে প্রবেশ লাভ করবে। আধুনিক কবিতার বৈশিষ্ট্য, তার লক্ষণ, তার বিষয় ও শৈলী, ব্যাখ্যাবিশ্লেষণের পদ্ধতি, তাতে সময় ও ইতিহাসের প্রভাব, কবিতায় পুরাণের বিনির্মাণ, নতুন নতুন চিন্তার উন্মেষসাধন ইত্যাদি সম্পর্কে তারা অবগত হবে। আধুনিক যুগের বৈশিষ্ট্য সম্পর্কেও ধারনা লাভ করবে যা তাদের মানসগঠনের সহায়ক হবে এবং যুক্তিবাদী বিজ্ঞানসচেতন নাগরিক হিসাবে গড়ে ওঠার ক্ষেত্রে সহায়ক হবে। |
| **503-BNGH-DSE-1A** | **১৩) ছোটোগল্প**<br><br>অ) ছোটোগল্প: রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত)<br><br>আ) রবীন্দ্রপরবর্তী ছোটোগল্প (নির্বাচিত) | ক) ছোটোগল্প আধুনিক যুগের আন্যতম সাহিত্যপ্রকরণ। সার্থক বাংলা ছোটোগল্পের জনক বলা হয় রবীন্দ্রনাথকে। এই অংশে রবীন্দ্রনাথের নির্বাচিত কিছু ছোটোগল্প পাঠের মধ্য দিয়ে ছোটোগল্পের বৈশিষ্ট্য, শিল্পরীতি, বিষয়নির্বাচনের নৈপুণ্য, সমসাময়িক অর্থসামাজিক ও সাংস্কৃতিক পরিচয় লাভ করবে।<br><br>খ) রবীন্দ্রপরবর্তী ছোটোগল্পকার বিভুতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ও মানিক বন্দ্যোপাধ্যায়ের নির্বাচিত গল্পপাঠের মধ্য দিয়ে নরনারীর সম্পর্কের মধ্যে কতরকম জটিলতা থাকতে পারে সেই বিজ্ঞানসম্মত নানাবিধ জটিল রূপ সম্পর্কে তারা অবগত হবে; সেইসঙ্গে ঐতিহাসিক ঘটনা ও তার আনিবার্য প্রভাবে সংস্কারের ভাঙন, সাহিত্যিকদের শিল্পাদর্শ, ছোটোগল্পের ভাষাগত বিবর্তন ইত্যাদি সম্পর্কেও তারা জ্ঞানলাভ করবে। |

| | | |
|---|---|---|
| **503-BNGH-DSE-1B** | **১৪) প্রবন্ধ (প্রথম পর্যায়)**<br>অ) কমলাকান্তের দপ্তর- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (নির্বাচিত)<br><br>আ) প্রবন্ধ (নির্বাচিত) | ক) কমলাকান্তের দপ্তর গ্রন্থের প্রবন্ধগুলি পাঠের মধ্য দিয়ে প্রবন্ধের শ্রেণিভেদ সম্পর্কে ধারণা আরও বেশি স্পষ্ট হবে। সেই সঙ্গে প্রবন্ধের রীতি-প্রকরণ, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সমাজভাবনা, স্বদেশভাবনা ইত্যাদি সম্পর্কে অবগত হবে যা তাদের মধ্যে সমাজচেতনা ও দেশাত্মবোধের ভাবাদর্শের বিকাশ ঘটাবে।<br><br>খ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়, অন্নদাশঙ্কর রায়, অবনীন্দ্রনাথ ঠাকুর, অতুল গুপ্ত প্রমুখ প্রাবন্ধিকদের নির্বাচিত প্রবন্ধ পাঠের মধ্য দিয়ে ভারতবর্ষের ইতিহাস ও সংস্কৃতি, বহু ধর্ম ও বহুভাষাভাষির দেশ ভারতবর্ষে জাতীয় ঐক্য ও সম্প্রীতি রক্ষার পথ, সৌন্দর্যবোধ ইত্যাদি সম্পর্কে শিক্ষার্থীরা জ্ঞান লাভ করবে যা তাদেরকে সংস্কৃতি মনস্ক, সৌন্দর্য সচেতন, ভাষাপ্রেমী, ঐক্য ও সম্প্রীতিবোধে সচেতন নাগরিক হিসাবে গড়ে তুলবে। |
| **503-BNGH-DSE-1C** | **১৫) কবিতা**<br>অ) বীরাঙ্গনা- মধুসূদন দত্ত (নির্বাচিত)<br><br>আ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতা (নির্বাচিত) | ক) মধুসূদন দত্তের ''বীরাঙ্গনা কাব্য''-এ একদিকে আছে পত্রকাব্যের আঙ্গিকপ্রকরণ, আন্যদিকে আছে আধুনিক লক্ষণযুক্ত নারীদের আত্মপ্রকাশ। এই কাব্যপাঠ শিক্ষার্থীদের যুক্তিবাদী আধুনিক মনস্ক নাগরিক হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে সহায়ক হবে।<br><br>খ) বাংলা কাব্যক্ষেত্রে আধুনিক কবিদের আবির্ভাবের পূর্বে রবীন্দ্রবলয়ের বাইরে গিয়ে রবীন্দ্রবিদ্রোহী কবি রূপে আত্মপ্রকাশ করেন যতীন্দ্রনাথ সেনগুপ্ত। জগতের দুঃখ-যন্ত্রণা, কষ্টই হয়েছে তাঁর কাব্যের বিষয়। তাঁর কাব্য পাঠের মধ্য দিয়ে সৌন্দর্য-সুখ-সমৃদ্ধির বিপরীতে সমান্তরাল রেখায় যে অসৌন্দর্য-দুঃখ-কষ্টের জগৎ প্রবহমান সেই জগৎ সম্পর্কে সচেতনতা গড়ে উঠবে শিক্ষার্থীদের মধ্যে। |
| **504-BNGH-DSE-2A** | **১৬) উপন্যাস ও ছোটোগল্প**<br>অ) রহু চণ্ডালের হাড়- অভিজিৎ সেন<br><br>আ) আধুনিক ছোটোগল্প (নির্বাচিত) | ক) যাযাবর মানুষদের জীবন-জীবিকা, আশা-নিরাশা, স্বপ্ন-কল্পনা, প্রেমভালোবাসা, সংস্কার-সংস্কৃতি, অস্তিত্ব সংকট- এককথায় শিক্ষার্থীরা যাযাবর জীবনের **Totality-**র সঙ্গে পরিচিত হবে। এই পরিচিতিলাভ তাদেরকে যাযাবর মানুষদের অনেক কাছাকাছি নিয়ে যাবে।<br><br>খ) এই অংশের ছোটোগল্পগুলি পাঠের মধ্যদিয়ে আধুনিক যুগে মানব মনের নানা দ্বন্দ্ব ও জটিলতা, প্রেমভালোবাসা, আবেগময়তা ও বাস্তবতার দ্বান্দিক অভিব্যক্তি, মানবিকতা, মনুষ্যত্ব ও ত্যাগের মহত্ব, দাম্পত্য সম্পর্কের সংকট ইত্যাদি সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হবে। সেইসঙ্গে লেখকদের জীবনজিজ্ঞাসা, ভাষাগত বৈশিষ্ট্য, নতুন নতুন গল্পশৈলী ইত্যাদি সম্পর্কেও তারা জানতে পারবে। ফলে মানবমনের বিচিত্র গতিপ্রকৃতি সম্পর্কে শিক্ষার্থীরা যেমন অভিজ্ঞ হবে, তেমনি গল্পপাঠের অভিজ্ঞতা সৃষ্টিশীলতার ক্ষেত্রেও স্বতন্ত্র জীবনদর্শণ, শৈলী ও ভাষানির্মাণের নিজস্ব পথ আবিষ্কারে সহায়ক হবে। |
| **504-BNGH-DSE-2B** | **১৭) প্রবন্ধ (দ্বিতীয় পর্যায়)**<br>অ) প্রমথ চৌধুরী- প্রবন্ধ সংগ্রহ (নির্বাচিত)<br><br>আ) সাহিত্য সমালোচনামূলক প্রবন্ধ (নির্বাচিত) | ক) ভারতচন্দ্রের কঠিন জীবনসংগ্রাম ও সাহিত্যসৃষ্টি সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হবে যা তাদের মধ্যে প্রেরণা হিসাবেও কাজ করবে। এছাড়া কৃষিপ্রধান ভারতবর্ষের সমাজব্যবস্থা সম্পর্কে অবগত হবে। সেইসঙ্গে প্রমথ চৌধুরীর স্বতন্ত্র ভাষাশৈলীর তাৎপর্য ও মাধুর্য অনুধাবন করবে যা শিক্ষার্থীদের কাছে হবে স্বতন্ত্র ভাষানির্মাণের প্রেরণা।<br><br>খ) সাহিত্য সমালোচনামূলক প্রবন্ধগুলি পাঠের মধ্য দিয়ে সাহিত্যের প্রকৃত স্বরূপ কেমন, আধুনিক সাহিত্য বলতে আসলে কী বোঝায়, প্রাচ্য সাহিত্যে সমালোচনার ধারা এবং পাশ্চাত্য সাহিত্যে সমালোচনা-ধারার পরিচয়, বাংলা সাহিত্যে ট্র্যাজেডির স্বরূপ, ছোটোগল্পের তাৎপর্য ইত্যাদি সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হবে যা তাদের মধ্যে সাহিত্য ও আধুনিক সাহিত্য সম্পর্কে স্বচ্ছ ধারণা গড়ে তুলবে এবং সমালোচনার ক্ষেত্রে স্বতন্ত্র চিন্তার পথ নির্মাণে সহায়ক হবে। |

| | | |
|---|---|---|
| **504-BNGH-DSE-2C** | **১৮) কবিতা ও নাটক**<br>অ) পুরুবিক্রম- জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর<br><br>আ) চিত্রা- রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত কবিতা)<br>ই) চিত্রা কাব্যের নির্বাচিত করিতাগুলির ব্যাখ্যা | ক) আলেকজাণ্ডার ও পুরুরবার যুদ্ধের ঐতিহাসিক কাহিনি অবলম্বনে রচিত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের ''পুরুবিক্রম'' নাটকের স্বদেশপ্রেম, চারিত্রিক দৃঢ়তা, বীরত্ব ও আদর্শবোধে শিক্ষার্থীরা উদ্বুদ্ধ হবে।<br><br>খ) চিত্রা কাব্যের নির্বাচিত কবিতাগুলি পাঠের মধ্য দিয়ে রবীন্দ্রনাথের পবিত্র প্রেমবোধের স্বরূপ, তাঁর জীবনদেবতার তাত্ত্বিক দিক, কাব্যজীবনের পালাবদল ইত্যাদি বিষয়গুলি সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হবে এবং রবীন্দ্র-কবিসত্তার স্বরূপ আনুধাবন করতে পারবে। |
| **505-BNGH-SEC-1** | **১৯) সেমিনার প্রস্তুতকরণ ও উপস্থাপন (সাহিত্য বিষয়ক)** | ক) এই অংশে শিক্ষাথীরা সেমিনারপত্র প্রস্তুতকরণের নিয়মাবলী সম্পর্কে যেমন জানতে পারবে তেমনি নিজ নিজ পছন্দ অনুযায়ী বিষয় নির্বাচন (সাহিত্য সম্পর্কিত) ও নিজস্ব দৃষ্টিভঙ্গীতে তার উপস্থাপন তাদের মধ্যে ভবিষ্যতের গবেষণার পথ প্রস্তুত করবে। |

# B.A. BENGALI HONOURS
# SEMESTER-VI

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **601-BNGH-DC-13** | **২০) নাটকের সংরূপ ও নাটক**<br>অ) নাটকের রূপ ও রীতি<br><br>আ) জনা- গিরিশচন্দ্র ঘোষ | ক) এই অংশ পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা নাটকের রূপ ও রীতির পরিচয় লাভ করবে এবং সামাজিক, পৌরাণিক, ঐতিহাসিক, ট্র্যাজেডি, কমেডি ইত্যাদি বিভিন্ন শ্রেণির নাটকের বৈশিষ্ট্য ও পার্থক্য, সেগুলির উৎপত্তির ইতিহাস এবং বাংলা সাহিত্যে সেগুলির দৃষ্টান্ত সম্পর্কে শিক্ষার্থীদের জানতে পারবে যা আসলে নাট্যসাহিত্যের ব্যাখ্যা-বিশ্লেষণ ও গবেষণার প্রাথমিক পর্যায়।<br><br>খ) গিরিশচন্দ্র ঘোষের ''জনা'' নাটকটি পাঠের মধ্য দিয়ে পৌরাণিক নাটকের সংজ্ঞা, বৈশিষ্ট্য, নাট্যদ্বন্দ্ব, নাট্যরস, নট্যসংলাপ ইত্যাদি সম্পর্কে অবগত হবে এবং নাট্যকারের জীবনভাবনা ও শিল্পীসত্তার পরিচয় সম্পর্কে ধারণা লাভ করবে। |
| **602-BNGH-DC-14** | **২১) হিন্দি সাহিত্যের ইতিহাস ও ভারতীয় সাহিত্য**<br>অ) হিন্দি সাহিত্যের ইতিহাস (নির্বাচিত)<br><br>আ) ভারতজোড়া গল্পকথা | ক) হিন্দি সাহিত্যের ইতিহাসে ভারতেন্দু হরিশ্চন্দ্র, মৈথেলী শরণগুপ্ত, সুমিত্রানন্দন পন্থ ও মুন্সী প্রেমচন্দের অবদান, তাঁদের রচিত সাহিত্যের পরিচয় এবং তাতে প্রতিফলিত বহির্বঙ্গের আর্থসামাজিক পরিচিতি, তাঁদের জীবনদর্শন, বাংলা সাহিত্যের সঙ্গে তাঁদের রচিত সাহিত্যের সম্পর্ক ইত্যাদি বিষয়ে শিক্ষাথীরা অবগত হবে যা ভারতবর্ষের অন্যান্য প্রদেশের মানুষের সঙ্গে শিক্ষার্থীদের মানবিক সম্পর্কের দিকটিকে মজবুত করবে। সেইসঙ্গে ভারতীয় সাহিত্যের নতুন নতুন ধারণা সম্পর্কেও তারা অবগত হবে এবং দেশাত্মবোধে উদ্বুদ্ধ হবে।<br><br>খ) ভারতবর্ষের বিভিন্ন ভাষা থেকে বাংলায় অনুদিত ছোটোগল্পগুলি পাঠের মধ্য দিয়ে মানবচরিত্রের বিচিত্র প্রবণতা, স্বতন্ত্র প্রেমভাবনা, সম্পর্কের ব্যাখ্যা ইত্যাদি বিষয়ে শিক্ষাথীরা অবগত হবে। সেইসঙ্গে গল্পগুলিতে প্রতিফলিত ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে বসবাসকারী মানুষ, তাদের জীবনযাত্রা, তাদের সংস্কার-সংস্কৃতি ইত্যাদি বিষয়ে পরিচয় লাভ করবে যা তাদের মধ্যে সম্প্রীতিবোধের বিকাশ ঘটাবে। |
| **603-BNGH-DSC-3A** | **২২) উপন্যাস**<br>অ) কপালকুণ্ডলা- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ক) বাংলা উপন্যাসের সূচনাপর্বের অন্যতম সৃষ্টি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ''কপালকুণ্ডলা''। এই উপন্যাসটি পাঠের মধ্যদিয়ে সূচনাপর্বের বাংলা উপন্যাসের বৈশিষ্ট্য, শিল্পরীতি, চরিত্র চিত্রণ, গঠন কৌশল, লেখকের জীবনাদর্শ, উপন্যাসের ভাষা নির্মাণ, উপন্যাসের শ্রেণিবিচার ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীরা অবগত হবে। |

| | | |
|---|---|---|
| | আ) ঘরে-বাইরে- রবীন্দ্রনাথ ঠাকুর | খ) বঙ্গভঙ্গ আন্দোলনের প্রেক্ষাপটে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের ''ঘরে-বাইরে'' উপন্যাসটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা বঙ্গভঙ্গ-সমকালীন স্বদেশপ্রেমের স্বরূপ সম্পর্কে যেমন অবগত হবে, তেমনি নারীর স্বাধীনতা, স্বাতন্ত্র্যবোধ ও স্বদেশপ্রেমে নারীদের অবস্থান, বঙ্গভঙ্গ আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট বাঙালিদের দৃষ্টিভঙ্গি ও আদর্শবোধ, রবীন্দ্রনাথের উপন্যাসভাবনার স্বাতন্ত্র্য ও চরিত্রের বিবর্তণ, ভাষাগত স্বাতন্ত্র্য, শিল্পরীতি, সমাজভাবনা ইত্যাদি বিষয়ে অবগত হবে। এভাবে বাংলা উপন্যাসে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও রবীন্দ্রনাথ ঠাকুরের স্বাতন্ত্র্য চিহ্নিতকরণের মধ্যদিয়ে উপন্যাসের স্বাতন্ত্র্য বিচারের ধারণা লাভ করবে। |
| **603-BNGH-DSC-3B** | **২৩) ভ্রমণ ও জীবনীসাহিত্য**<br>অ) পালামৌ- সঞ্জীব চট্টোপাধ্যায়<br><br>আ) আত্মচরিত- শিবনাথ শাস্ত্রী | ক) সাহিত্যের একটি অন্যতম আকর্ষণীয় বিষয় ভ্রমণসাহিত্য। সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের ''পালামৌ'' বাংলা ভ্রমণসাহিত্যের আদিপর্বের অন্যতম সৃষ্টি। এই গ্রন্থটি পাঠের মধ্যদিয়ে শিক্ষার্থীরা ভ্রমণসাহিত্যের বৈশিষ্ট্য, অপরিচিত নতুন নতুন অরণ্যপ্রকৃতির পরিচয়, তার অপরূপ বিচিত্র সৌন্দর্যময়তা; অরণ্যের কোলে বসবাসকারী মানুষজন, তাদের জীবনযাত্রা, আর্থসামাজিক পরিচিতি, সংস্কার-সংস্কৃতি, পোষাক-পরিচ্ছদ, পরম আতিথেয়তা তথা আত্মীয়তার বোধ, লেখকের সৌন্দর্যবোধ ও জীবনদর্শণ, ভাষা নির্মাণ ইত্যাদি বিষয়ে পরিচয়লাভ করবে। এই পরিচয়লাভের সূত্রে তাদের মধ্যে প্রকৃতিমুগ্ধতা, সৃষ্টিশীলতা, আত্মিকতা, মহত্তর জীবনভাবনা ও মানবতাবোধের বিকাশ ঘটবে।<br><br>খ) শিবনাথ শাস্ত্রীর ''আত্মচরিত'' গ্রন্থটি পাঠের মধ্যদিয়ে শিক্ষার্থীরা জীবনী সাহিত্যের লক্ষণ ও বৈশিষ্ট্য সম্পর্কে যেমন জানতে পারবে, তেমনি উনিশ শতকের বাংলার বিভিন্ন সামাজিক অন্দোলনের গতি ও প্রকৃতি, ব্রাহ্মসমাজের চিন্তাভাবনা ও বিবর্তন, বাংলার সমাজ সংস্কৃতির পরিচয়, ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের মানুষের চিন্তভাবনা ও সমাজ সংস্কৃতির পরিচয়, বিভিন্ন দেশের মানুষের স্বভাধর্মের পার্থক্য ইত্যাদি সম্পর্কে ধারণা লাভ করবে। |
| **603-BNGH-DSC-3C** | **২৪) নাটক**<br>অ) ছেঁড়াতার- তুলসী লাহিড়ি<br><br>আ) একাঙ্ক নাটক (নির্বাচিত) | অ) এখানে পাঠ্য আছে তুলসী লাহিড়ির ''ছেঁড়াতার'', মন্মথ রায়ের ''মুক্তির ডাক'' এবং মোহিত চট্টোপাধ্যায়ের ''রাক্ষস''। শেষোক্ত দুটি একাঙ্কনাটক। ''ছেঁড়াতার'' নাটকটি দুর্ভিক্ষের পটভূমিতে প্রান্ত উত্তরবঙ্গের গ্রামজীবনকে কেন্দ্রকরে রচিত। নাটকে একাধারে উঠে এসেছে দুর্ভিক্ষ কবলিত অসহার মানুষের ভয়ংকর দুরবস্থার চিত্র এবং জোতদার মজুতদার শ্রেণির শোষণের নির্মম বাস্তবতা যা দুর্ভিক্ষের চেয়েও অধিক ক্ষতি করেছে মানুষের। তবে সবকিছুকে অতিক্রম করে বড়ো হয়ে উঠেছে নায়ক রহিমুদ্দির প্রবল আত্মমর্যাদা বোধ ও প্রতিবাদী সত্তার অদমনীয় অবস্থান যে সত্তা কোনো অবস্থাতেই হাকিমুদ্দির মতো মানুষের প্রতাপ ও বহুমুখী চক্রান্তের কাছে নতি স্বীকার করে নি। নাটকটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা দুর্ভিক্ষ কবলিত উত্তরবঙ্গের বাস্তব অবস্থার পরিচয় যেমন লাভ করবে, তেমনি দুর্ভিক্ষের প্রকৃত কারণ যে আসলে হাকিমুদ্দির মতো জোতদার, মজুতদার শ্রেণির স্বার্থপরতা সেই সত্যও অবগত হবে যা তাদেরকে ববিষ্যৎ সম্পর্কে সচেতন করে তুলবে। সেই সঙ্গে চরম আর্থিক ও অস্তিত্ব-সংকটের মধ্যে দাঁড়িয়েও রহিমুদ্দির প্রবল আত্মমর্যাদাবোধ ও প্রতিবাদী চেতনা শিক্ষার্থীদের মধ্যে প্রেরণা সঞ্চার করবে, তাদের চরিত্র গঠনের সহায়ক হবে।<br><br>আ) অন্যদিকে একাঙ্ক নাটকগুলির মধ্য দিয়ে আধুনিক যুগজীবনের নানামুখী সংকট-জটিলতার সঙ্গে শিক্ষার্থীদেরে পরিচয় ঘটবে। সেইসঙ্গে প্রকরণ ভাবনার নতুনত্ব এবং পৌরাণিক প্রসঙ্গের বিনির্মাণ সম্পর্কেও ধারণা লাভ করবে। |
| **604-BNGH-DSC-4A** | **২৫) বাংলাদেশের উপন্যাস ও ছোটোগল্প**<br>অ) চিলে কোঠার সেপাই- আখতারুজ্জামান ইলিয়াস | ক) বাংলাদেশের ১৯৬৯ সালের গণ-আন্দোলনের পটভূমিতে রচিত আখতারুজ্জামান ইলিয়াসের ''চিলেকোঠার সেপাই'' উপন্যাসটি বাংলাদেশের মানুষের স্বপ্ন গর্ব হতাশা রক্তক্ষয় আর ভালোবাসার সময়কালের দলিল হিসাবে গণ্য হয়। গণা আন্দোলনের বিরুদ্ধে মিলিটারির দমনপীড়ন এবং ব্যক্তিচরিত্রের দ্বিধাদ্বন্দ্ব উপন্যাসে গুরুত্ব পেয়েছে। উপন্যাসটি পাঠের মধ্য দিয়ে সমকালীন সেই বাস্তবতা অবগত হবে শিক্ষার্থীরা। সেইসঙ্গে বাংলাদেশে ব্যবহৃত বাংলা ভাষার প্রকৃতি সম্পর্কেও স্পষ্ট ধারণা লাভ করবে। |

| | | |
|---|---|---|
| | আ) বাংলাদেশের ছোটোগল্প (নির্বাচিত) | খ) এখানে পাঠ্য আছে সেলিনা হোসেনের ‘ছায়া সূর্য’, ‘মানুষটি’ ও ‘অরণ্য কুসুম’ এবং হুমায়ন আহমেদের ‘জলিল সাহেবের পিটিশন’, ‘যন্ত্র’ ও ‘অচিনবৃক্ষ’- এই কয়েকটি ছোটোগল্প। গল্পগুলির মধ্য দিয়ে শিক্ষার্থীরা নারীর জীবনসংগ্রাম, পিতা চরিত্রের আশানিরাশা, যন্ত্রনির্ভর জীবনের পরিণতি ইত্যাদির মধ্যদিয়ে আধুনিক যুগজীবনের প্রবণতা সম্পর্কে ধারণা লাভ করবে। |
| **604-BNGH-DSC-4B** | **২৬) রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ**<br>অ) শিক্ষা- রবীন্দ্রনাথ ঠাকুর<br><br>আ) সাহিত্যসৌন্দর্য বিষয়ক প্রবন্ধ (নির্বাচিত) | ক) শিক্ষা সম্পর্কিত প্রবন্ধগুলির মধ্য দিয়ে শিক্ষার্থীরা প্রকৃত শিক্ষার লক্ষ্য, শিক্ষার সমস্যা, স্ত্রীশিক্ষা, বিদ্যালয় শিক্ষা ইত্যাদি সম্পর্কে রবীন্দ্রনাথের সুচিন্তিত মতামত জানতে পারবে।<br><br>খ) সৌন্দর্যবিষয়ক প্রবন্ধগুলির মধ্য দিয়ে সাহিত্যের প্রকৃত তাৎপর্য, সৌন্দর্যের বোধ ও তার প্রয়োজনীয়তা, হাস্যরস, সাহিত্যে বাস্তব ও সত্য ইত্যাদি সম্পর্কে রবীন্দ্রনাথের গভীর পর্যবেক্ষণের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হবে এবং জ্ঞান লাভ করবে যা তাদেরকে সাহিত্যের রসজ্ঞ পাঠক ও গবেষক হিসাবে গড়ে তুলতে সহায়তা করবে। |
| **604-BNGH-DSC-4C** | **২৭) কাব্যনাট্য**<br>অ) চিত্রাঙ্গদা- রবীন্দ্রনাথ ঠাকুর<br><br>আ) তপস্বী ও তরঙ্গিণী- বুদ্ধদেব বসু | ক) ‘‘চিত্রাঙ্গদা’’ কাব্যনাট্যে মহাভারতের ক্ষুদ্র কাহিনিকে অনুভবের স্বাতন্ত্র্যে চিরন্তন করে তুলেছেন রবীন্দ্রনাথ। নগর থেকে দূরে অরণ্যজীবনে অর্জুন-চিত্রাঙ্গদা অনুভব করেছে জীবনের অর্থ কেবল কামনার চরিতার্থতা নয়, জীবনের তৎপর্য তার বহূ উর্ধ্বে। দুটি চরিত্রই সত্যের গভীর অনুভবে পুর্নির্মিত হয়েছে। চিত্রাঙ্গদার ব্যক্তিত্ব, তার হৃদয়দ্বন্দ্ব, তার আত্মমর্যাদাবোধ ও উচ্চতর জীবনবোধের আলোয় তার নারীসত্তার প্রকাশ নারী সম্পর্কিত ধারণাকেই বদলে দিয়েছে। পারস্পরিক অনুভবে, সুখে-দুঃখে, কর্মসম্পাদনে সর্বত্র নারীকে সহচরী জ্ঞান করার মধ্যেই নরনারীর সম্পর্কের প্রকৃত সৌন্দর্য তথা পরস্পরকে প্রকৃত অর্থে পাওয়া- চিত্রাঙ্গদার মধ্য দিয়ে সেই সত্য ব্যক্ত করেছেন রবীন্দ্রনাথ। কাব্যনাটকটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা রবীন্দ্রনাথের অনুরূপ গভীর জীববোধ সম্পর্কে অবগত হবে তথা জ্ঞান লাভ করবে। সেই সঙ্গে কাব্যনাট্যের স্বরূপবৈশিষ্ট্য সম্পর্কেও তারা জানতে পারবে।<br><br>খ) বিশ শতকের প্রায় গোড়া থেকেই আধুনিকতার ধারণাকে আত্মস্থ করে নিয়ে যথাপ্রাপ্তকে নতুন করে দেখা ও ব্যাখ্যাবিশ্লেষণের মধ্য দিয়ে সাহিত্য রচনায় যাঁরা আত্মনিয়োগ করেছিলেন, বুদ্ধদেব বসু তাঁদের মধ্যে অন্যতম। পৌরাণিক কাহিনি অবলম্বনে চরিত তাঁর ‘‘তপস্বী ও তরঙ্গিণী’’ কাব্যনাট্যে একজন বারাঙ্গনার মধ্যে প্রেমের ফুল প্রস্ফুটিত হয়েছে। তরঙ্গিণী নাম্নী এক বারাঙ্গনার কাম থেকে প্রেমে উত্তরণ ঘটেছে এই নাটকে। অন্যদিকে তপস্যা থেকে কামনার পথ ধরে ঋষ্যশৃঙ্গ নামক এক তপস্বীর শেষপর্যন্ত মোহমুক্তি ঘটেছে। এভাবে প্রেম ও কাম সম্পর্কিত আধুনিক জীবনবোধের প্রকাশ ঘটেছে এই নাটকে। সুতরাং নাটকটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা প্রেম ও কাম সম্পর্কিত আধুনিক ধারণার পরিচয় লাভ করবে। |
| **605-BNGH-SEC-2** | **২৮) প্রকল্প**<br>অ) গৌড়বঙ্গের সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক প্রকল্প প্রস্তুতকরণ<br><br>আ) মৌখিক পরীক্ষা | ক) গৌড়বঙ্গের ভৌগোলিক পটভূমিতে রচিত সাহিত্যের মধ্য দিয়ে শিক্ষার্থীরা এই অঞ্চলে বসবাসকারী মানুষজন, তাদের সমাজ-সংস্কৃতি, ভৌগোলিক পরিবেশ, ঐতিহাসিক পরিচিতি, সাহিত্যিকগণ ও তাঁদের সৃষ্টিকর্ম ইত্যাদি সম্পর্কে অবগত হবে। অন্যদিকে শিক্ষার্থীরা এই অঞ্চলের লোকসংস্কৃতি ও লোকসাহিত্য সম্পর্কিত প্রকল্প প্রস্তুতকরণের মধ্য দিয়ে গৌড়বঙ্গের সাংস্কৃতিক পরিচয় সম্পর্কে ভালোভাবে অবগত হবে। এভাবে শিক্ষার্থীদের মধ্যে মৌলিক চিন্তার বিকাশ ঘটবে, কৌতুহল বৃদ্ধি পাবে এবং ভবিষ্যতে গবেষণামূলক কাজ কারার জন্য উৎসাহ লাভ করবে। সেইসঙ্গে গৌড়বঙ্গের ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি শ্রদ্ধাবোধের বিকাশ ঘটবে এবং এতদঞ্চলে রচিত সাহিত্যসম্ভার তাদের হৃদয়ে গৌরববোধর জন্ম দেবে। |

# COURSE OUTCOMES

## B.A. BENGALI GENERAL

## (For all Honours (Except Bengali Honours) & General Course)

### বাংলা সাম্মানিক ব্যতীত অন্যান্য সাম্মানিক ও সাধারণ পাঠক্রমের শিক্ষার্থীদের জন্য

| Course type and Code | | Course Name: | Course Outcomes |
|---|---|---|---|
| Honours Course (Except Bengali Hons) | General Course | | |
| **103-GE1** | **101-BNGG-C-1** | **১) বাংলা সাহিত্যের ইতিহাস**<br>অ) চর্যাপদ, বৈষ্ণবসাহিত্য, মঙ্গলকাব্য, আনুবাদসাহিত্য, আরাকান রাজসভা, বাউলগান। | ক) এই অংশের দ্বারা শিক্ষাথীরা বাংলা সাহিত্যের জন্মলগ্নের পরিচিতি এবং তাতে (চর্যাপদে) প্রতিফলিত বাঙালির সমাজ-সংস্কৃতির পরিচয় লাভ করবে। বৈষ্ণবপদাবলী পাঠের মধ্য দিয়ে মধ্যযুগের বৈষ্ণব দর্শন, মানবীয় প্রেমানুভূতির সুতীব্র আবেগ, মানবতাবাদী চিন্তাভাবনা ও বাংলা রোমান্টিক গীতিকবিতাধারার পরিচয় লাভ করবে। সেই সঙ্গে মঙ্গলকাব্য, অনুবাদসাহিত্য, আরাকান রাজসভার সাহিত্যে প্রতিফলিত আর্থসামাজিক ও সাংস্কৃতিক পরিচয়, মানবতাবাদ এবং বাউলগানের তত্ত্বদর্শন ইত্যাদি সম্পর্কে অবগত হবে। |
| | | আ) ফোর্ট উইলিয়াম কলেজ, শ্রীরামপুর মিশন, রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, সাময়িক পত্র (দিগ্‌দর্শন থেকে বঙ্গদর্শন) ও উনিশ শতকের কাব্যচর্চা। | খ) ফোর্ট উইলিয়াম কলেজ ও শ্রীরামপুর মিশনকে কেন্দ্রকরে বাংলা গদ্যসাহিত্যের সূচনা ও ছাপার অক্ষরে তার প্রকাশ এবং রামমোহন রায় ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত বাংলা গদ্যের স্বরূপ সম্পর্কে শিক্ষাথীরা পরিচয় লাভ করবে। সেই সঙ্গে বিভিন্ন পত্রপত্রিকায় বাংলা গদ্যচর্চার যে ধারা সে সম্পর্কেও তারা জ্ঞানলাভ করবে। উনিশ শতকে আধুনিক বাংলা মহাকাব্য ও গীতিকাব্য রচনার ধারা, তার স্বরূপবৈশিষ্ট্য ও আদর্শ সম্পর্কে অবগত হবে। |
| | | | |
| **203-GE2** | **201-BNGG-C-2** | **২) ভাষাতত্ত্ব**<br>অ) ভাষা, বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ, উপভাষা ও ধ্বনি পরিবর্তন | ক) বাংলা ভাষার উৎপত্তি ও বিবর্তনের ইতিহাস, বাংলা ভাষার বিভিন্ন উপভাষা ও অঞ্চলভেদে উপভাষাসমূহের স্বরূপ এবং ধ্বনিপরিবর্তনের কারণ ও ধারা সম্পর্কে শিক্ষাথীরা আবগত হবে। |
| | | আ) স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত অক্ষরবৃত্ত, শব্দালংকার | ক) সাহিত্যসৃষ্টি তথা সাহিত্যপাঠের ক্ষেত্রে ভালোরকম ছন্দ ও অলংকার-জ্ঞানের ভূমিকা খুব গুরুত্বপূর্ণ। সাহিত্যরস আস্বাদনেও ছন্দ ও অলংকারের ভূমিকা গুরুত্বপূর্ণ। তাই ছন্দ ও অলংকারের ধারণা, তার চর্চা এবং বিভিন্নক্ষেত্রে তার প্রয়োগবৈচিত্র্য ছাত্রছাত্রীদের সৃজনকর্মকে উচ্চতর গুণসম্পন্ন ও বিজ্ঞামসম্মত করে তুলতে সহায়তা করবে। একইসঙ্গে তাদের করে তুলবে প্রকৃত রসজ্ঞ ও পরিণত পাঠক। |
| | | | |
| **304-GE3** | **301-BNGG-C-3/ 503 BNGG GE1** | **৩) ভ্রমণসাহিত্য ও ছোটোগল্প**<br>অ) পথে-প্রবাসে— আন্নদাশঙ্কর রায় | ক) সাহিত্যের একটি আকর্ষণীয় রূপরীতি ভ্রমণসাহিত্য। অন্নদাশঙ্কর রায়ের ‘‘পথে-প্রবাসে’’ বাংলা ভ্রমণসাহিত্যের অন্যতম আকর্ষণীয় সৃষ্টি। এই গ্রন্থটি পাঠের মধ্যদিয়ে শিক্ষাথীরা ভ্রমণসাহিত্যের বৈশিষ্ট্য, ভারতবর্ষ ও ইউরোপীয় সংস্কৃতির পরিচয়, প্রাকৃতিক সৌন্দর্য, মানুষজন ও তাদের জীবনযাত্রা, আর্থসামাজিক পরিচিতি, লেখকের |

| | | | |
|---|---|---|---|
| | | আ) দেনাপাওনা— রবীন্দ্রনাথ ঠাকুর<br>লম্বকর্ণ— পরশুরা<br>নিমগাছ— বনফুল<br>ইতিহাস— নারায়ণ গঙ্গোপাধ্যায়<br>চতুর্থ পানিপথের যুদ্ধ— সুবোধ ঘোষ | সৌন্দর্যবোধ ও জীবনদর্শণ, ভাষা নির্মাণ ইত্যাদি বিষয়ে পরিচয়লাভ করবে। এই পরিচয়লাভের সূত্রে তাদের মধ্যে প্রকৃতিমুগ্ধতা, সৃষ্টিশীলতা, আত্মিকতা, মহত্তর জীবনভাবনা ও মানবতাবোধের বিকাশ ঘটবে।<br><br>খ) আধুনিক যুগের অন্যতম সাহিত্যপ্রকরণ ছোটোগল্প। সার্থক বাংলা ছোটোগল্পের জনক বলা হয় রবীন্দ্রনাথকে। এই অংশে রবীন্দ্রনাথের 'দেনাপাওনা' গল্পটি পাঠের মধ্য দিয়ে পণপ্রথার ভয়াবহ পরিণাম সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হবে। পণপ্রথা নামক সামাজিক সমস্যা সম্পর্কে তাদের মধ্যে একটা সচেতনতা বোধ গড়ে উঠবে। অন্যদিকে পরশুরামের 'লম্বকর্ণ' গল্পের মধ্যদিয়ে মানুষ ও মনুষ্যেতর প্রাণির (এখানে পশুর) সম্পর্কের সূত্রে মনুষ্যত্ববোধের বিকাশ ও বিস্তৃতি ঘটবে। বনফুলের 'নিমগাছ' গল্পটির মধ্য দিয়ে প্রকৃতিক প্রেক্ষাপটে গৃহস্থবাড়ির গৃহবধূর জীবনের তাৎপর্য অনুধাবন করতে পারবে যা জীবন সম্পর্কে নতুনভাবে ভাবতে শেখাবে। |
| **404-GE4** | **401-BNGG-C-4/ 603 BNGG-GE2** | ৪) উপন্যাস ও নাটক<br>অ) পণ্ডিতমশাই- শরৎচন্দ্র চট্টে ।পাধ্যায়<br><br>আ) নবান্ন- বিজন ভট্টাচার্য | ক) পণ্ডিতমশাই উপন্যাস পাঠের মধ্য দিয়ে পুরুষতান্ত্রিক সমাজে নারীর অবস্থান সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হবে যা তাদের মধ্যে লিঙ্গসমতার বোধকে বিকশিত করবে।<br><br>খ) পঞ্চাশের মন্বন্তর তথা দুর্ভিক্ষ কবলিত বাংলার মর্মান্তিক চিত্র অঙ্কিত হয়েছে ''নবান্ন'' নাটকে। ওই দুর্ভিক্ষে লক্ষ লক্ষ মানুষের মৃত্যু হয়েছিল। নাটকটি পাঠের মধ্য দিয়ে দুর্ভিক্ষের ভয়াবহ বাস্তব চিত্র এবং তার বিভিন্ন কারণ সম্পর্কে জানতে পারবে শিক্ষার্থীরা যা তাদেরকে সমাজ ও রাষ্ট্রের ভবিষ্যৎ সম্পর্কে সচেতন করে তুলবে। সেই সঙ্গে শোষণের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিবাদের তত্ত্ব তাদের মধ্যে ঐক্যবোধকে বিকশিত করবে। |

## শুধুমাত্র সাধারণ পাঠক্রমের শিক্ষার্থীদের জন্য

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **501-BNGG-DSE-1A** | **৫) গুচ্ছ-ক— ছোটোগল্প**<br>অ) রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটোগল্প (নির্বাচিত)<br>পোষ্টমাস্টার, শাস্তি, সুভা, ছুটি, আতিথি ও হালদার গোষ্ঠী<br><br>আ) রবীন্দ্রোত্তর ছোটোগল্প (নির্বাচিত)—বাংলা গল্প ও সমালোচনা সঞ্চয়ন— কল্যাণী বিশ্ববিদ্যালয় প্রকাশিত<br>দেবী- প্রভাতকুমার মুখোপাধ্যায়<br>অভাগা- শৈলজানন্দ মুখোপাধ্যায়<br>শিশু শিক্ষার পরিনাম- শিবরাম চক্রবতী<br>তাসের ঘর- আশাপূর্ণা দেবী<br>খগেন বাবু- শীর্ষেন্দু মুখোপাধ্যায় | ক) রবীন্দ্রনাথের ছোটোগল্পগুলি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা শিশু-কিশোর চরিত্রের মনস্তত্ত্ব সম্পর্কে ধারণা লাভ করবে। সেই সেঙ্গ রবীন্দ্রছোটোগল্পে প্রকৃতি ও মানুষের একাত্ম হওয়ার যে তত্ত্ব সে সম্পর্কে অবগত হবে এবং নাগরিক চরিত্রের মানসিক প্রবণতা সম্পর্কেও ধারণা লাভ করবে।<br><br>খ) এই পর্যায়ের ছোটোগল্পগুলি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা রবীন্দ্র-পরবর্তী ছোটোগল্পের গতিপ্রকৃতি সম্পর্কে ধারণা লাভ করবে। মানব চরিত্রের দেবীত্বে উপনিত হওয়ার পরিণতি কি মারাত্মক হতে পারে তা জানতে পারবে 'দেবী' গল্পটি পাঠের মধ্য দিয়ে যা শিক্ষার্থীদের মনকে করে তুলবে আধুনিক যুক্তিবাদী ও প্রগতিশীল। |

| | | |
|---|---|---|
| **501-BNGG-DSE-1B** | **অথবা**<br>**৬) গুচ্ছ-খ: উপন্যাস ও রবীন্দ্র কবিতা**<br>অ) বেনের মেয়ে- হরপ্রসাদ শাস্ত্রী<br><br>আ) রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা (নির্বাচিত)<br>সুরদাসের প্রার্থনা, মেঘদূত, দুইবিঘা জমি, দীনদান ও ধর্মমোহ | ক) ''বেনের মেয়ে'' উপন্যাসটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা প্রাচীন বঙ্গদেশের হিন্দু ও বৌদ্ধ অধ্যুষিত একটি আঞ্চলিক জনজীবনের পরিচয় লাভ করবে যা তাদেরকে প্রাচীন বাংলার সমাজ ও ইতিহাস সম্পর্কে কৌতুহলী করে তুলবে এবং গবেষণায় উৎসাহিত করবে।<br><br>খ) রবীন্দ্রনাথ ঠাকুরের নির্বাচিত কবিতাগুলি পাঠের মধ্য দিয়ে কবিগুরুর কাব্য সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে প্রাথমিক ধারণা গড়ে উঠবে। রবীন্দ্রনাথের প্রেমবোধের স্বরূপ, তাঁর সমাজভাবনা, ধর্ম সম্পর্কিত ভাবনা ইত্যাদি সম্পর্কে তারা একটা ধারণা লাভ করবে এবং রবীন্দ্র-কবিসত্তার স্বরূপ সম্পর্কে সম্মক অবগত হবে। |

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **601-BNGG-DSE-2A** | ৭) গুচ্ছ-ক: উনিশ ও বিশ শতকের কবিতা<br>অ) চতুর্দশপদী কবিতাবলী- মধুসূদন দত্ত (নির্বাচিত)<br><br>আ) বিশ শতকের কবিতা (নির্বাচিত):<br>বাংলা কবিতা ও প্রবন্ধ সংকলন- কল্যাণী বিশ্ববিদ্যালয়।<br>সমুদ্রাষ্টক- সত্যেন্দ্রনাথ দত্ত<br>একুশে আইন- সুকুমার রায়<br>প্রিয়তমাসু- সুকান্ত ভট্টাচার্য<br>জননী জন্মভুমিশ্চ- বীরেন্দ্র চট্টোপাধ্যায়<br>শুধু কবিতার জন্য- সুনীল গঙ্গোপাধ্যায় | ক) মধুসূদনের লেখা কবিতাগুলি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা পাশ্চাত্য অনুরাগী মধুসূদনের মানস পরিবর্ত, তার স্বরূপ, মাতৃভূমি ও আপন ঐতিহ্য-সংস্কৃতির প্রতি প্রবল অনুরাগ সম্পর্কে আবগত হবে যা তাদের মধ্যে স্বদেশ, এখানকার প্রকৃতি, শিল্প-সাহিত্য, বিভিন্ন মনীষীগণ, ঐতিহ্য-সংস্কৃতি ও মাতৃভাষা বাংলার প্রতি প্রবল অনুরাগের জন্ম দেবে। সেই সঙ্গে তারা সনেট বা চতুর্দশপদী কবিতার গঠনরীতি সম্পর্কেও জানতে পারবে।<br><br>খ) বিশ শতকের নির্বাচিত কবিতাগুলি পাঠের মধ্য দিয়ে মানবতাবাদ, আইনের জাঁতাকল, কবিদের জীবনদর্শন ও কবিতার প্রতি তাঁদের অনুরাগের স্বরূপ ইত্যাদি সম্পর্কে জানতে পারবে। |
| **601-BNGG-DSE-2B** | **অথবা**<br>**৮) গুচ্ছ-খ : কাব্য ও নাটক**<br>অ) রৈবতক- নবীনচন্দ্র সেন<br><br>আ) বাস্তুভিটা- দিগীন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় | ক) ''রৈবতক'' কাব্যে আছে শ্রীকৃষ্ণ কর্তৃক এক মহান ভারতবর্ষ প্রতিষ্ঠার স্বপ্ন ও প্রয়াস। একইসঙ্গে আছে আধুনিক ভাবাদর্শ। কাব্যটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা মহান ভারতবর্ষ গঠনের আদর্শ এবং তার ত্রুটি সম্পর্কে অবগত তথা সচেতন হবে যা দেশ গঠনের ক্ষেত্রে তাদের চিন্তাচেতনাকে সূক্ষ্ম ও ত্রুটিমুক্ত করার ক্ষেত্রে সহায়ক হবে। সেই সঙ্গে ভারতীয় পৌরাণিক আদর্শ সম্পর্কেও জ্ঞানলাভ করবে।<br><br>খ) দেশভাগের ফলে ভিটেমাটি হারা লক্ষ লক্ষ ছিন্নমূল মানুষের জীবনের করুণ পরিণতির বাস্তব চিত্রই ''বাস্তুভিটা'' নাটকের মূল বিষয়। নাটকটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা দেশভাগের সেই ভয়াবহ বাস্তবতা, মূল্যবোধের ভাঙন, একশ্রেণির মানুষের শোষণ ও সার্থপরতা ইত্যাদির নানা চিত্র প্রত্যক্ষ করবে যা তাদের চিন্তাচেতনাকে করে তুলবে অনেকবেশি জীবনমুখী, মানবতাবাদী। |

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **304-BNGG-SEC-1** | **৯) দক্ষতা পরীক্ষণ (প্রথম পর্যায়)**<br>অ) কবিতাপাঠ ও আবৃত্তিচর্চা | ক) এই অংশটির মধ্য দিয়ে শিক্ষার্থীরা কবিতা পাঠ ও আবৃত্তি চর্চার নিয়মাবলী ও শৈল্পিক উপস্থান সম্পর্কে জানতে পারবে। এতে তাদের মধ্যে শিল্পবোধ, উপস্থাপন ও বাচনভঙ্গীর বিকাশ ঘটবে। বাচনভঙ্গীর সৌন্দর্য সামাজিক সুসম্পর্ক গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই অংশটি পাঠ ও চর্চা সমাজের সঙ্গে শিক্ষার্থীদের সুসম্পর্ক গড়ে ওঠার ক্ষেত্রে সহায়ক হবে। |

| | | |
|---|---|---|
| | আ) গল্পলিখন ও গল্পপাঠ | খ) গল্প লেখার উপকরণ, রীতি, ভাষা প্রয়োগের কৌশল ও তার প্রয়োগ তথা গল্প রচনার মধ্য দিয়ে শিক্ষার্থীদের মধ্যে সৃজনশীলতার বিকাশ ঘটবে। এছাড়া গল্পপাঠও যে একটি উপস্থান শিল্প সে সম্পর্কে তারা অবগত হবে এবং তাদের মধ্য এই উপস্থাপন শিল্প সম্পর্কে একটা অনুরাগ তৈরি হবে। |
| **504-BNGG-SEC-2** | **১০) দক্ষতা পরীক্ষণ (দ্বিতীয় পর্যায়)**<br><br>অ) সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সেমিনার পত্র প্রস্তুতকরণ ও উপস্থাপন | ক) এই অংশে শিক্ষার্থীরা সেমিনারপত্র প্রস্তুতকরণের নিয়মাবলী সম্পর্কে যেমন জানতে পারবে তেমনি নিজ নিজ পছন্দ অনুযায়ী বিষয় নির্বাচন (সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক) এবং নিজস্ব দৃষ্টিভঙ্গীতে তার বিচার ও উপস্থাপন তাদের মধ্যে ভবিষ্যতের গবেষণার পথ প্রস্তুত করবে। |

## শুধুমাত্র সাধারণ স্নাতক পাঠ্যক্রমের শিক্ষার্থীদের জন্য

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **103-LC1-BNGG1-Bengali** | **১১) উপন্যাস ও ছোটোগল্প**<br>অ) পল্লীসমাজ- শরৎচন্দ্র চট্টোপাধ্যায়<br><br>আ) আশাপূর্ণা দেবীর ছোটোগল্প : নির্বাচিত | ক) পল্লিবাংলার পটভূমিতে রচিত পল্লিসমাজ উপন্যাস পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা পল্লিসমাজের অশিক্ষা, দারিদ্র্য, নিজেদের ভালোমন্দ বোঝার অক্ষমতা, একশ্রেণির মানুষের নীতিহীনতা ও নিম্নরুচি, নারীর সংস্কার ও আদর্শ, আর্থিক সংকট ইত্যাদি সম্পর্কে জানতে পারবে। তা ছাড়া শরৎচন্দ্রের উপন্যাসভাবনা, জীবনদর্শন, উপন্যাসে চরিত্রের বিবর্তণ, ভাষাগত স্বাতন্ত্র্য, শিল্পরীতি, সমাজভাবনা, নায়ক চরিত্রের আদর্শ ইত্যাদি বিষয়ে তারা অবগত হবে যা তাদের মধ্যে নায়োকোচিত আদর্শ গড়ে তুলতে সহায়ক হবে এবং গঠনমূলক সামাজিক কাজকর্মের ক্ষেত্রে প্রয়োজনীয় পর্যবেক্ষণ শক্তির উন্মেষ ঘটাবে। |
| **203-LC1-BNGG2-Bengali** | **১২) প্রবন্ধ ও নাটক**<br>অ) বিশ্বপরিচয়- রবীন্দ্রনাথ ঠাকুর<br><br>আ) নীলদর্পণ- দীনবন্ধু মিত্র | ক) বিজ্ঞানবিষয়ক এই প্রবন্ধ পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা বিশ্বজগতের নানা বিষয় সম্পর্কে পরিচয় লাভ করবে।<br><br>খ) ‘‘নীলদর্পণ’’ নাটকটির মধ্যদিয়ে শিক্ষার্থীরা উনিশ শতকে বাংলার কৃষকদের উপর নীলকর সাহেবদের আমানবিক অত্যাচার, শোষণ ও আর্থসামাজিক পরিস্থিতি সম্পর্কে জানতে পারবে। |

## স্নাতক বি এ., বি এস সি., বি কম
## সাম্মানিক ও সাধারণ পাঠক্রমের সকল ছাত্রছাত্রীর জন্য
## SEMISTER-II

| Course type and Code | Course Name: | Course Outcomes |
|---|---|---|
| **204 AEC-2** | **১৩) বাংলা সাহিত্য**<br><br>আ) কবিতা :<br>এবার ফিরাও মোরে- রবীন্দ্রনাথ ঠাকুর<br>অভিশাপ- নজরুল ইসলাম<br>ফুল ফুটুক না ফুটুক- সুভাষ মুখোপাধ্যায় | ক) ‘এবার ফিরাও মোরে’ কবিতাটি পাঠের মধ্য দিয়ে রোমান্টিক কল্পলোকের জগৎ থেকে বাস্তবের মাটিতে রবীন্দ্র-কবিসত্তার প্রত্যাবর্তনের যে ব্যাকুলতা সে সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারবে যা রবীন্দ্রনাথের পরবর্তী কাব্যবৈশিষ্ট্য অনুধাবনে সহায়ক হবে। ‘অভিশাপ’ কবিতার মধ্য দিয়ে ভালোবাসার মনোস্তাত্ত্বিক দিক সম্পর্কে ধারণা লাভ করবে। ব্যর্থতার বেদনা ও প্রেমের সুমধুর স্মৃতি মিলেমিশে গেছে ‘ফুল ফুটুক না ফুটুক’ |

| | | |
|---|---|---|
| | বাবরের প্রার্থনা- শঙ্খ ঘোষ<br><br><br>আ) প্রবন্ধ (নির্বাচিত)<br>হিন্দু মুসলমান- রবীন্দ্রনাথ ঠাকুর<br>শিক্ষা ও বিজ্ঞান- সত্যেন্দ্রনাথ বসু<br>ভারতবর্ষ- এস. ওয়াজেদ আলি<br>সৌন্দর্যতত্ত্ব- রামেন্দ্রসুন্দর ত্রিবেদী<br><br><br><br>ই) গল্প (নির্বাচিত)<br>একাদশী বৈরাগী- শরৎচন্দ্র চট্টোপাধ্যায়<br>মহানগর- প্রেমেন্দ্র মিত্র<br>আদাব- সমরেশ বসু<br>পালঙ্ক- নরেন্দ্রনাথ মিত্র<br>উদ্বেগ- বিমল কর | কবিতায় যা এক অন্য অনুভবের জগতে নিয়ে যায় পাঠকদের। কবিতাটি তাই শিক্ষার্থীদের মধ্য কবিতার প্রতি একটা আলাদা আকর্ষণ তৈরি করবে। ‘বাবরের প্রার্থনা’ কবিতায় আছে সন্তানের প্রতি পিতার গভীর স্নেহভালোবাসা ও আত্মত্যাগের কথা যা শিক্ষার্থীদের মধ্যে পারিবারিক সম্পর্কের বোধকে মজবুত করবে।<br><br>খ) ‘হিন্দু মুসলমান’ প্রবন্ধের মূল কথা সকল ধর্মের মানুষের অংশগ্রহণেই গড়ে উঠেছে ভারতীয় সভ্যতা। হিন্দু ও মুসলমান উভয়ের ভূমিকাই সেখানে গুরুত্বপূর্ণ। হিন্দু ও মুসলমানের সম্প্রীতির বোধ বিশেষভাবে আলোচিত হয়েছে। প্রবন্ধটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীদের মধ্যে সম্প্রীতিবোধের বিকাশ ঘটবে যা ভারতীয় অখণ্ডতা ও ঐক্যবোধকে করে তুলবে অটুট ও শক্তিশালি। ‘ভারতবর্ষ’ প্রবন্ধে ভারতীয় সমাজে ঐতিহ্য সংস্কৃতির প্রবহমানতা বিষয়টি আলোচিত হয়েছে যা তাদের মধ্যে ঐতিহ্যবোধের বিকাশ ঘটাবে। ‘সৌন্দর্যতত্ত্ব’ প্রবন্ধের মধ্য দিয়ে তারা সৌন্দর্য সম্পর্কে নান্দনিক জ্ঞান লাভ করবে যা তাদের মধ্যে সৌন্দর্যবোধ ও রসবোধের জন্ম দেবে শিল্প-সাহিত্য পাঠ ও বিচারে যার ভূমিকা গুরুত্বপূর্ণ।<br><br>গ) দেশভাগ ও দাঙ্গার পটভূমিতে রচিত ‘আদাব’ গল্পে আছে হিন্দু ও মুসলিম দুই ভিন্ন ধর্মের দুজন শ্রমজীবি মানুষের জীবনসংগ্রাম, দায়িত্ববোধ ও তাদের মনুষ্যত্ববোধের কথা যা শিক্ষার্থীদের মধ্যে উদার মানবতাবোধ, দায়িত্ববোধ ও সম্প্রীতিবোধের বিকাশ ঘটাবে। দেশভাগের পটভূমিতে লেখা ‘পালঙ্ক’ গল্পের মূল বিষয় মানবতার সম্পর্ক যা মানুষকে কাছে টেনে আনে। শিক্ষার্থীদের মধ্যে গল্পটি সেই বোধকেই জাগ্রত করবে। |